




খালেদা জিয়ার জানাজায় অংশ নিতে ঢাকায় আসছেন পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নামাজে জানাজায় অংশ নিতে ঢাকায় আসছেন পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার। বুধবার (৩১ ডিসেম্বর) তিনি বাংলাদেশে পৌঁছে আনুষ্ঠানিকভাবে জানাজায় অংশ নেবেন এবং শ্রদ্ধা নিবেদন করবেন। মঙ্গলবার (৩০ ডিসেম্বর) দুপুরে ঢাকায় পাকিস্তান হাইকমিশনের একটি দায়িত্বশীল সূত্র বিষয়টি নিশ্চিত করেছে। সফরকালে ইসহাক দার শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জানাবেন বলেও জানানো হয়।

এর আগে খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন ইসহাক দার। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক বার্তায় তিনি মরহুমার রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সহমর্মিতা জানান।

পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফও সাবেক এই প্রধানমন্ত্রী মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। এক্সে দেওয়া এক পোস্টে তিনি বলেন, বাংলাদেশের জনগণের জন্য খালেদা জিয়ার আজীবন ত্যাগ ও দেশের উন্নয়ন-অগ্রগতিতে তার অবদান স্মরণীয় হয়ে থাকবে। তিনি আরও উল্লেখ করেন, খালেদা জিয়া পাকিস্তানের একজন ঘনিষ্ঠ বন্ধু ছিলেন এবং এই শোকের সময়ে পাকিস্তান সরকার ও জনগণ বাংলাদেশের পাশে রয়েছে।

উল্লেখ্য, বিএনপি চেয়ারপারসন ও তিনবারের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া মঙ্গলবার সকাল ৬টায় ইস্তেফাল করেন। বিএনপির মিডিয়া সেলের ফেসবুক পোস্টে তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করা হয়। দলের ভেরিফায়েড ফেসবুক পেজে জানানো হয়, ফজরের নামাজের পরপরই তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন।